বরিশাল বিশ্ববিদ্যালয়

নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং বিইউ/রেজি/নিয়োগ/১০২/৫৬৫

তারিখ: ০৩ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ
১৮ অক্টোবর ২০১৭ খ্রিষ্টাব্দ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত স্থায়ী পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

ক্র. নং	নাম ও পদবী	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	**কম্পিউটার অপারেটর :** **গ্রেড-১১, জাতীয় বেতন স্কেল ২০১৫** **৬টি স্থায়ী পদ**	প্রার্থীদের অনুমোদিত বোর্ড হতে এইচ.এস.সি/ সমমানের পরীক্ষায় পাশসহ কম্পিউটারে ডিপ্লোমা পাশ/কম্পিউটার অপারেটিংয়ে প্রশিক্ষণ প্রাপ্ত এবং সংশ্লিষ্ট কাজে বিশেষ পারদর্শী হতে হবে। শিক্ষাজীবনের সকল ক্ষেত্রে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণি/ সমমানের জিপিএ থাকতে হবে।
২.	**কেয়ারটেকার:** **গ্রেড-১১, জাতীয় বেতন স্কেল ২০১৫** **৩টি স্থায়ী পদ**	প্রার্থীদের অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/ সমমানের পরীক্ষায় পাশসহ বিশ্ববিদ্যালয়/ সরকারী/ বেসরকারী প্রতিষ্ঠানে কেয়ারটেকার হিসেবে বাস্তব অভিজ্ঞতা সহ কম্পিউটার অপারেটিংয়ে বিশেষ দক্ষতা থাকতে হবে। শিক্ষাজীবনের সকল ক্ষেত্রে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণি / সমমানের জিপিএ থাকতে হবে।
৩.	**অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর:** **গ্রেড-১৩, জাতীয় বেতন স্কেল ২০১৫** **৩টি স্থায়ী পদ**	প্রার্থীদের অনুমোদিত বোর্ড হতে এইচ.এস.সি বা সমমানের পরীক্ষায় পাশসহ কম্পিউটারে ডিপ্লোমা পাশ/কম্পিউটার অপারেটিংয়ে প্রশিক্ষণ প্রাপ্ত এবং সংশ্লিষ্ট কাজে বিশেষ পারদর্শী হতে হবে। শিক্ষাজীবনের সকল ক্ষেত্রে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণি/ সমমানের জিপিএ থাকতে হবে।
৪.	**ইস্যু ক্লার্ক:** **গ্রেড-১৫, জাতীয় বেতন স্কেল ২০১৫** **২টি স্থায়ী পদ**	প্রার্থীদের অনুমোদিত বোর্ড হতে এইচ.এস.সি/ সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতা এবং কম্পিউটার অপারেটিংয়ে বিশেষ দক্ষতা থাকতে হবে। শিক্ষাজীবনের সকল ক্ষেত্রে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণি/ সমমানের জিপিএ থাকতে হবে।
৫.	**বাবুর্চি:** **গ্রেড-১৯, জাতীয় বেতন স্কেল ২০১৫** **২টি স্থায়ী পদ**	প্রার্থীদের অনুমোদিত বোর্ড হতে এসএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষাজীবনের সকল ক্ষেত্রে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণি/ সমমানের জিপিএ থাকতে হবে। প্রার্থীদের সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।
৬.	**বুক বাইন্ডার:** **গ্রেড-২০, জাতীয় বেতন স্কেল ২০১৫** **১টি স্থায়ী পদ**	প্রার্থীদের অনুমোদিত বোর্ড হতে এসএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকা বাঞ্ছনীয়। শিক্ষাজীবনের সকল ক্ষেত্রে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণি/ সমমানের জিপিএ থাকতে হবে। প্রার্থীদের সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।
৭.	**অফিস সহায়ক:** **গ্রেড-২০, জাতীয় বেতন স্কেল ২০১৫** **৫ টি স্থায়ী পদ**	প্রার্থীদের অনুমোদিত বোর্ড হতে এসএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকা বাঞ্ছনীয়। শিক্ষাজীবনের সকল ক্ষেত্রে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণি/ সমমানের জিপিএ থাকতে হবে। প্রার্থীদের সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।
৮.	**বাস হেলপার:** **গ্রেড-২০, জাতীয় বেতন স্কেল ২০১৫** **৬ টি স্থায়ী পদ**	প্রার্থীদের অনুমোদিত বোর্ড হতে অষ্টম শ্রেণি/জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।
৯.	**গার্ডেনার:** **গ্রেড-২০, জাতীয় বেতন স্কেল ২০১৫** **৪ টি স্থায়ী পদ**	প্রার্থীদের অনুমোদিত বোর্ড হতে অষ্টম শ্রেণি/জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীদের সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।
১০.	**নিরাপত্তা প্রহরী:** **গ্রেড-২০, জাতীয় বেতন স্কেল ২০১৫** **৯ টি স্থায়ী পদ**	প্রার্থীদের অনুমোদিত বোর্ড হতে অষ্টম শ্রেণি/জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীদের সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।
১১.	**পরিচ্ছন্নতা কর্মী:** **গ্রেড-২০, জাতীয় বেতন স্কেল ২০১৫** **৩ টি স্থায়ী পদ**	প্রার্থীদের অনুমোদিত বোর্ড হতে অষ্টম শ্রেণি/জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীদের সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।

শর্তাবলী

(ক)	আবেদনকারীকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরম Website : www.barisaluniv.edu.bd, www.barisaluniv.ac.bd থেকে ডাউনলোড করে অথবা বরিশাল বিশ্ববিদ্যালয়, কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল, কিংবা বরিশাল বিশ্ববিদ্যালয়-এর ঢাকাস্থ লিয়াজোঁ অফিস ১৬/১, লেক সার্কাস (৩য় তলা), কলা বাগান (স্কয়ার হাসপাতালের বিপরীতে, কনকর্ড টাওয়ারের নিচের রাস্তা দিয়ে সামনে), ঢাকা ১২০৫ থেকে ফরম প্রতি ৫০/-(পঞ্চাশ) টাকা নগদ প্রদানপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্রসহ গ্রেড ১১ থেকে গ্রেড ২০ পদের জন্য ২ (দুই) সেট আবেদনপত্র রেজিস্ট্রার, বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল-৮২০০ বরাবর জমা দিতে হবে। আবেদনের সময়সীমা ১৫/১১/২০১৭ তারিখ।
(খ)	প্রার্থীকে আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রের ছায়ালিপি সংযুক্ত করতে হবে- (১) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে), প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/ সাময়িক সনদপত্র ও নম্বরপত্র-এর ছায়ালিপি (২) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি ছবি ও প্রতি সেটের সাথে এক কপি রঙিন ছবি (৩) জন্ম সনদপত্র/ জাতীয় পরিচয় পত্রের ছায়ালিপি।
(গ)	চাকুরিতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ করা হবে না।
(ঘ)	আবেদনকালে প্রার্থীর আবেদনপত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার যে বর্ণনা দেয়া হবে চাকুরিতে যোগদানের পর পূর্বে অর্জিত এর অতিরিক্ত কোন যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ গ্রহণযোগ্য হবে না।
(ঙ)	দরখাস্তের সাথে “ট্রেজারার, বরিশাল বিশ্ববিদ্যালয়”, সোনালী ব্যাংক, বরিশাল বিশ্ববিদ্যালয় শাখা, বরিশাল এর অনুকূলে রাষ্ট্রায়ত্ব ব্যাংকের যে কোন শাখা থেকে গ্রেড ১১ থেকে গ্রেড ১৫ এর জন্য ৭০০/- টাকা এবং গ্রেড ১৯ থেকে গ্রেড ২০ এর জন্য ৫০০/- টাকা পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) অবশ্যই সংযুক্ত করতে হবে।
(চ)	প্রত্যেক প্রার্থীকে তার প্রার্থিত পদের নাম খামের উপর স্পষ্ট অক্ষরে লিখতে হবে।
(ছ)	বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদনপত্র ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল ও সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করে।
(জ)	নির্বাচিত প্রার্থীদেরকে পুলিশ ভেরিফিকেশন ও মেডিকেল টেস্ট সম্পন্ন করে যোগদান করতে হবে।
(ঝ)	আবেদনকারীর বয়সসীমা সর্বাধিক ৩০ বছর। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়স ও শিক্ষাগত যোগ্যতার শর্ত শিথিলযোগ্য।
(ঞ)	ক্রমিক নং ০১ থেকে ০৭ নম্বর পর্যন্ত লিখিত ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
(ট)	মুক্তিযোদ্ধার সন্তান/নাতি/নাতনীদের ক্ষেত্রে বিশেষ বিবেচনা করা হবে।
(ঠ)	কোন পদের পদসংখ্যা বাড়ানোর ও কমানোর ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
(ড)	**বরিশাল বিশ্ববিদ্যালয়ে সাকুল্য বেতনে কর্মরত কর্মচারীদের অগ্রাধিকার দেয়া হবে।**

স্বা-
(মো. মনিরুল ইসলাম)
রেজিস্ট্রার
বরিশাল বিশ্ববিদ্যালয়